

RBI/2016-17/188

IDMD.CDD.No.1454/14.04.050/2016-17

ডিসেম্বর 16, 2016

চেয়ারম্যান এবং প্রাবন্ধিক নির্দেশক

প্রাধিকৃত ব্যাঙ্কসমূহ

মাননীয় মহাশয়/ মহাশয়া,

প্রধান মন্ত্রী গরীব কল্যাণ ডিপোজিট স্কিম (পিএমজিকেডিএস), 2016- প্রয়োগ সংক্রান্ত নির্দেশিকা

প্রধান মন্ত্রী গরীব কল্যাণ ডিপোজিট স্কিম (পিএমজিকেডিএস), 2016 (এতদপরবর্তী ক্ষেত্রে স্কিম বলে অভিহিত)-এর উপর [ডিসেম্বর 16, 2016 তারিখাঙ্কিত কেন্দ্রীয় সরকার নোটিফিকেশন S.O. 4061 \(E\)](#) এবং আরবিআই সারকুলার IDMD.CDD.No. 1453/14.04.050/2016-17-এর সংযোগসূত্রে এই নোটিফিকেশনটি জারি করা হলা এই সংক্রান্ত প্রায়শঃ জিজ্ঞাস্য প্রশ্নাবলীসমূহ(এফএকিউ) আমাদের ওয়েবসাইট(www.rbi.org.in)-এ প্রদত্ত আছে এই স্কিমটি সম্পর্কিত প্রয়োগ সংক্রান্ত নির্দেশিকা নিম্নরূপ:

1. আবেদন

ঘোষণাকারী ব্যক্তিদের(কোনও ব্যক্তি যিনি প্রধান মন্ত্রী গরীব কল্যাণ যোজনা, 2016 –এর জন্য ট্যাক্সেশন এবং ইনভেস্টমেন্ট রেজিমের ধারা 199C-এর উপধারা (1)-এর অধীনে অপ্রকাশিত আয় ঘোষণা করেছেন) কাছ থেকে প্রধান মন্ত্রী গরীব কল্যাণ ডিপোজিট স্কিম (পিএমজিকেডিএস), 2016-এর অধীনে আমানত করার আবেদন প্রাধিকৃত ব্যাঙ্কসমূহের(কোনও ব্যাঙ্কিং কোম্পানি যার উপর ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (1949-এর 10) প্রযোজ্য) শাখাগুলিতে 17 ডিসেম্বর 2016 থেকে 31 মার্চ 2017 পর্যন্ত সাধারণ ব্যাঙ্কিং কাজের সময় গ্রহণ করা হবো

2. “আপনার গ্রাহককে জানুন” সংক্রান্ত প্রয়োজনীয় বিষয়াদি

(a) এই স্কিমটির অধীনে আমানত করার জন্য [ফর্ম II](#) তে আবেদন করতে হবে যেখানে পরিষ্কারভাবে উল্লেখ করতে হবে- রাশিপরিমাণ, ঘোষণাকারীর পুরো নাম, পারমানেন্ট অ্যাকাউন্ট নাম্বার(এতদপরবর্তী ক্ষেত্রে “প্যান” বলে অভিহিত), ব্যাঙ্ক অ্যাকাউন্ট সম্পর্কিত বিস্তারিত তথ্যাদি(মূল্যপরিশোধ বাবদ প্রাপ্য রাশি গ্রহণের উদ্দেশ্যে),এবং ঠিকানা।

(b) যদি ঘোষণাকারী ব্যক্তির প্যান না থাকে, তিনি প্যানের জন্য আবেদন করবেন এবং প্রাপ্তিস্বীকার সংখ্যা সহ প্যান আবেদন সম্পর্কিত বিস্তারিত তথ্যাদি প্রদান করবেন। এই সংক্রান্ত অতিরিক্ত তথ্যাদি (ই-মেল আই ইত্যাদি) যখন দরকার পড়বে আবেদনকারীর কাছ থেকে চেয়ে নিতে হবে। প্রাধিকৃত ব্যাঙ্কসমূহকে নিশ্চিত করতে হবে যে আবেদন সর্ব বিচারে পূর্ণাঙ্গ।

(c) আবেদনের সাথে জমা করতে হবে নগদ হিসাবে বা ড্রাফট বা চেক বা ইলেক্ট্রনিক ট্রান্সফার মারফত পেশ করা অর্থরাশি যার পরিমাণ প্রধান মন্ত্রী গরীব কল্যাণ যোজনা, 2016 –এর জন্য ট্যাক্সেশন এবং ইনভেস্টমেন্ট রেজিমের অধীনে অপ্রকাশিত আয় বলে ঘোষিত রাশির পঁচিশ শতাংশের কম হওয়া চলবে না।

(d) ব্যাঙ্ক কর্তৃক ঘোষণাকারী ব্যক্তিকে যথাযথ প্রামাণ্যস্বীকৃতি প্রদান পূর্বক প্রাপ্তিস্বীকার রশিদ (ফর্ম II-এর অংশ) দেওয়া হবে।

3. ভারত সরকারকে আমানত সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি জ্ঞাপন

(a) প্রাধিকৃত ব্যাঙ্ক **ফর্ম V** দ্বারা আমানত সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি ইলেক্ট্রনিক মাধ্যম মারফত রাজস্ব বিভাগ, অর্থমন্ত্রক, ভারত সরকার-এর কাছে অব্যবহিত পরবর্তী কাজের দিনের মধ্যে পেশ করবে যাতে ঘোষণাটি গ্রহণ করার পূর্বে বিভাগ আমানতের তথ্য যাচাই করে নিতে সক্ষম হয়।

(b) প্রাধিকৃত ব্যাঙ্ক এই মর্মে প্রাপ্ত ডেটার গোপনীয়তা সুরক্ষিত রাখবে।

4. ধারণ করার পদ্ধতি এবং মনোনয়ন

(a) আরবিআই-তে বিস্তারিত তথ্যাদি গহণের পর, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক বন্ডস লেজার অ্যাকাউন্ট খোলা হবে এবং ঘোষণাকারীর অর্থরাশি জমা করার সাপেক্ষে স্কিমটির অধীনে আমানত করা হবে।

(b) ঘোষণাকারীর উদ্দেশ্যে **ফর্ম I**-এ ধারকত্বের প্রমাণপত্র জারি করা হবে।

(c) বন্ডস লেজার অ্যাকাউন্ট খোলার প্রয়োজ্য তারিখ হবে সেই তারিখটি যে তারিখে নগদরাশি পেশ করা হবে অথবা যে তারিখে ড্রাফট বা চেক বা ইলেক্ট্রনিক পেমেন্ট মারফত প্রেরিত রাশি প্রাপ্ত(রিয়ালাইজেশন) হবে।

(d) ধারক এক বা একাধিক ব্যক্তিকে মনোনীত করতে পারেন

5. সুদপ্রদান

এই আমানতগুলিতে কোনও সুদ প্রদেয় হবে না।

6. ই-কুবের ব্যবস্থা কর্তৃক প্রক্রিয়াকার্য

প্রাধিকৃত ব্যাঙ্ক আমানত সম্পর্কে বিস্তারিত তথ্যাদি ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের কোর ব্যাঙ্কিং সলিউশন ‘ই-কুবের’-এ আপলোড করবে সেই তারিখটিতেই যে তারিখে নগদরাশি বা ইলেক্ট্রনিক পেমেন্ট পেশ করা হবে অথবা যে তারিখে ড্রাফট বা চেক মারফত প্রেরিত রাশি প্রাপ্ত(রিয়ালাইজেশন) হবে। জমা রাশি ঐ একই তারিখে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক স্থানান্তরিত করতে হবে।

ই-কুবের ব্যবস্থায় ইনফিনেট অথবা ইন্টারনেটের মাধ্যমে প্রবেশ করা যাবো। প্রাধিকৃত ব্যাঙ্কসমূহকে তাদের দ্বারা গৃহিত আমানত সম্পর্কিত ডেটা খতিয়ানভুক্ত(এনটার) করতে হবে। তারা ডেটার নির্ভুলতা নিশ্চিত করবে যাতে কোনও অনিচ্ছাকৃত ত্রুটির ঘটনা প্রতিরোধ করা যায়। আবেদন গ্রহণের সাপেক্ষে ঘোষণাকারীকে তৎক্ষণাৎ একটি নিশ্চয়তা স্বীকৃতি (কনফার্মেশন) প্রদান করা হবে। ই-কুবেরের মাধ্যমে প্রাধিকৃত ব্যাঙ্কে ধারকত্বের প্রমাণপত্র প্রেরণ করা হবে যা গ্রাহকদের উদ্দেশ্যে জারি করতে হবে।

7. পরিষেবা প্রদান এবং পরবর্তীকালে অনুপালন কার্যাদি

প্রাধিকৃত ব্যাঙ্ক ঘোষণাকারীর করা আমানতের বিষয়ে প্রয়োজনীয় পরিষেবা প্রদান করবে যথা ব্যাঙ্ক অ্যাকাউন্ট সম্পর্কিত বিস্তারিত তথ্যাদির খতিয়ান-নবীকরণ, মনোনয়ন বাতিলকরণ, ইত্যাদি। প্রাধিকৃত ব্যাঙ্ককে ততক্ষণ পর্যন্ত আবেদনসমূহ সংরক্ষিত রাখতে হবে যতক্ষণ না পর্যন্ত রাশিফেরতকার্য সম্পন্ন হচ্ছে।

8. প্রাধিকৃত ব্যাঙ্কের কমিশন/ এজেন্সি ব্যাঙ্ক মাশুল

এই স্কিমটির অধীনে আমানত গ্রহণ করার জন্য বা ঘোষণাকারীদের পরিষেবা প্রদানের জন্য ব্যাঙ্কসমূহকে কোনও কমিশন/ এজেন্সি ব্যাঙ্ক মাশুল প্রদান করা হবে না।

9. যোগাযোগ সম্পর্কিত বিস্তারিত তথ্যাদি

কোনও জিজ্ঞাসা/স্পষ্টীকরণের জন্য [ই-মেল](#) করা যাবো।

আপনার বিশ্বস্ত,

(রাজেন্দ্র কুমার)

মহাপ্রবন্ধক